

## ঢাকা ওয়াসা

বিষয়ঃ ০৩ ব্যাচে এপিএলএমদের জন্য “District Metered Area (DMA) Management”-শীর্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজন প্রসঙ্গে।

০১। বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য প্রণীত প্রশিক্ষণ পরিকল্পনায় এপিএলএমদের জন্য “District Metered Area (DMA) Management”-শীর্ষক প্রশিক্ষণ কোর্স অন্তর্ভুক্ত রয়েছে। DMA ব্যবস্থাপনা সম্পর্কে সম্যক ধারণা প্রদান এবং ডিএমএ রক্ষণাবেক্ষণের কাজ দক্ষতার সাথে ও সুচারুরূপে সম্পন্ন করার জন্য ঢাকা ওয়াসায় ১২/১০/২০২৫ তারিখে সহকারী পাইপ লাইন মিস্ত্রি পদে পদোন্নতি প্রাপ্ত ৬৫ (পঁয়ষাট) জনকে (সংযুক্তি-১) ০৩ ব্যাচে (১ম ব্যাচে ২২ জন, ২য় ব্যাচে ২২ জন এবং ৩য় ব্যাচে ২১ জন) উক্ত প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ নেওয়া হয়েছে। উক্ত কোর্সে WOP2 কর্তৃক প্রণীত Training Module অনুসরণপূর্বক কোর্স প্রোগ্রাম (সংযুক্তি-২) প্রণয়ন করা হয়েছে। ০৩ ব্যাচের উক্ত প্রশিক্ষণ ০২ (দুই) দিন মেয়াদে যথাক্রমে আগামী ০৫-০৬ এপ্রিল ২০২৬ মেয়াদে (১ম ব্যাচ), ১২-১৩ এপ্রিল ২০২৬ মেয়াদে (২য় ব্যাচ) এবং ১৫-১৬ এপ্রিল ২০২৬ মেয়াদে (৩য় ব্যাচ) অথবা সুবিধাজনক সময়ে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। উক্ত প্রশিক্ষণে ০৩ ব্যাচে অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকায় উল্লিখিত ৬৫ (পঁয়ষাট) জন অংশগ্রহণকারীর মনোনয়ন অনুমোদন করা যেতে পারে। প্রস্তাবিত খসড়া তালিকায় উল্লিখিত কোন প্রশিক্ষণার্থী যৌক্তিক কারণে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে অপারগ হলে সমপর্যায়ের অন্য আগ্রহী কর্মচারীকে আমন্ত্রণ জানানো হবে। কোর্সটিতে বক্তৃতা প্রদানের জন্য WOP2 কর্তৃক পরিচালিত “ToT on DMA Management-5 Modules” এ প্রশিক্ষণপ্রাপ্ত Master Trainer দের আমন্ত্রণ জানানো হবে।

০২। ০২ (দুই) কর্মদিবসব্যাপী ০৩ ব্যাচে ৬৫ (পঁয়ষাট) জনের জন্য উক্ত প্রশিক্ষণ সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

|                                                                         |             |                                                               |
|-------------------------------------------------------------------------|-------------|---------------------------------------------------------------|
| (ক) বক্তার সম্মানী                                                      | ৭৫,৬০০/-    | (২ সেশন ৩,৬০০/- টাকা হারে+৬ সেশন ৩,০০০/- টাকা হারে)×৩ ব্যাচ   |
| (খ) প্রশিক্ষণার্থীদের ভাতা                                              | ৭৮,০০০/-    | ০৩ ব্যাচের ৬৫ জন ৬০০/- হারে ২ দিন                             |
| (গ) কোর্স পরিচালকের সম্মানী                                             | ১২,০০০/-    | (২,০০০/- টাকা হারে ২ দিন)×৩ ব্যাচ                             |
| (ঘ) কোর্স সমন্বয়কের সম্মানী                                            | ৯,০০০/-     | (১,৫০০/- টাকা হারে ২ দিন)×৩ ব্যাচ                             |
| (ঙ) সহায়ক স্টাফের সম্মানী                                              | ১২,০০০/-    | (২ জন ১,০০০/- টাকা হারে ২ দিন)×৩ ব্যাচ                        |
| (চ) দুপুরের খাবার ও ২ বেলা চা নাস্তা                                    | ৯৭,৪৪০/-    | (বক্তা সাপোর্টিং স্টাফসহ ২৮ জন ৫৮০/- টাকা হারে ২ দিন)×৩ ব্যাচ |
| (ছ) পানি                                                                | ৫,৬৭০/-     | (আধা লিটার ৭ কেস ১৩৫/- টাকা হারে ২ দিন)×৩ ব্যাচ               |
| (জ) ব্যাগ, নোটবুক ও কলম                                                 | ৫৫,২৫০/-    | ০৩ ব্যাচের ৬৫ সেট ৮৫০/- টাকা হারে                             |
| (ঝ) ডিএমএ ব্যবস্থাপনা প্রশিক্ষণ মডিউল ফটোকপি, ব্যবহারিক সামগ্রী ও বিবিধ | ২০,০০০/-    | আনুমানিক লামসাম                                               |
| সর্বমোট                                                                 | =৩,৬৪,৯৬০/- | (কথায়ঃ টাকা তিন লক্ষ চৌষাট হাজার নয়শত ষাট মাত্র)            |

০৩। এমতাবস্থায়, “District Metered Area (DMA) Management”-শীর্ষক প্রশিক্ষণের ০৩ ব্যাচে অংশগ্রহণের জন্য ৬৫ (পঁয়ষাট) জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন, কোর্স প্রোগ্রাম এবং কোর্স আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =৩,৬৪,৯৬০/- (তিন লক্ষ চৌষাট হাজার নয়শত ষাট মাত্র) টাকা ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্সে সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ’ল।

২৯/০৬/২০২৫

মোঃ খায়রুল বাশার  
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চ: দাঃ)  
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

২৯.০৩.২৬  
মোঃ ওয়াজুদীন  
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা  
ঢাকা ওয়াসা।

DMD (HR & Admin) Sir  
মোঃ আমিরুল ইসলাম  
(ব্যবস্থাপনা)  
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)  
ঢাকা ওয়াসা।

ব্যবস্থাপনা পরিচালক  
ঢাকা ওয়াসা।

মোঃ আমিনুল ইসলাম  
ব্যবস্থাপনা পরিচালক  
ঢাকা ওয়াসা।